গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বালিয়াকান্দি, রাজবাড়ী
www.baliakandi.rajbari.gov.bd

## জলমহাল ইজারার বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বালিয়াকান্দি উপজেলার বিভিন্ন ইউনিয়নে অবস্থিত (বিশ) ২০ একর পর্যন্ত নিম্নবর্ণিত বদ্ধ সরকারি জলমহালসমূহ বাংলা ১৪৩০ সাল হতে ১৪৩২ পর্যন্ত ০৩ (তিন) বছরের জন্য ইজারা প্রদানের লক্ষ্যে শর্তসাপেক্ষে আগ্রহী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সংগঠন/ সমিতির নিকট থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। আবেদনসমূহ ধার্য্য তারিখের মধ্যে ভূমি মন্ত্রণালয়ের নির্ধারিত ওয়েব পোর্টালে(www. jm.lams.gov.bd) অনলাইনে আবেদন দাখিল করতে হবে এবং প্রিন্টেড কপি সাধারণ আবেদন ফরমের সাথে উপজেলা নির্বাহী অফিসার, বালিয়াকান্দি, রাজবাড়ী বরাবর দাখিল করতে হবে। সরকার কর্তৃক ধার্য্য তারিখের পর কোন আবেদন গ্রহণ করা হবে না।

উল্লেখ্য,সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী নিবন্ধিত মৎস্যজীবি সংগঠন/সমিতি গুলোকে প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে অগ্রাধিকার প্রদান করা হবে।

### ইজরাযোগ্য জলমহালের বিবরণ

| ক্রমিক নং | জলমহালের নাম | ইউনিয়নের নাম | বাংলা ১৪৩০ সনে সরকারি মূল্য | ইজারার মেয়াদ |
|---|---|---|---|---|
| ১। | নারুয়া বাজার হতে মৃগী খালের মুখ পর্যন্ত জলমহাল | নারুয়া | ৩,৪৬৫/- | বাংলা ১৪৩০-১৪৩২ সন পর্যন্ত |
| ২। | নারুয়া বাজার সংলগ্ন পুরাতন চত্রা নদীর বদ্ধ জলমহাল | নারুয়া | ৩৪,৬৫০/- | |
| ৩। | তেনাই মৌজার সরকারি পুকুর | ইসলামপুর | ১১,২৭৫ | |
| ৪। | গনপত্যা মৌজার সরকারি পুকুর | ইসলামপুর | ৫৭৭৫/- | |
| ৫। | সোনাপুর পুকুর | নবাবপুর | ৫৭৭৫/- | |
| ৬। | পারুলিয়া মৌজার সরকারি পুকুর | জংগল | ৩,৬৬৬/- | |
| ৭। | হাতিমোহন খামার মাগুড়া | জামালপুর | ১,৯৩,৬০০/- | |
| ৮। | বাড়া জঙ্গল জলাশয় | জংগল | - | |
| ৯। | ডাক বাংলো সংলগ্ন পুকুর | বালিয়াকান্দি | - | |
| ১০। | তুলশী বরাট পুকুর | জামালপুর | - | |

### আবেদনপত্র দাখিলের তফসিল

| আবেদন আহ্বানের পর্যায় | আবেদন ফরম বিক্রয়ের শেষ তারিখ ও সময় | ভূমি মন্ত্রণঅলয়ের নির্ধারত ওয়েব পোর্টালে অনলাইনে আবেদন দাখিলের তারিখ | আবেদন জমাদানের তারিখ ও সময় |
|---|---|---|---|
| ১ম পর্যায় | ৮ ফেব্রুয়ারি/২০২৩ খ্রি.<br>২৫ মাঘ/১৪২৯ বঙ্গাব্দ<br>বিকাল ০৪-০০ টা পর্যন্ত | ২০ জানুয়ারি,২০২৩ হতে<br>৮ ফেব্রুয়ারি/২০২৩ খ্রি.<br>০৬-২৫মাঘ/১৪২৯ বঙ্গাব্দ | ০৯-১৩ ফেব্রুয়ারি/২০২৩<br>২৬-৩০মাঘ/১৪২৯ বঙ্গাব্দ<br>প্রতিদিন সকাল ০৯-০০ টা<br>হতে বিকাল ০৪-০০ টা পর্যন্ত |

### শর্তাবলীঃ

০১। নির্দিষ্ট জলমহালের নিকটবর্তী বা তীরবর্তী প্রকৃত মৎস্যজীবীদের সমিতি, সমবায় /সমাজসেবা অধিদপ্তরের নিবন্ধিত সমিতি বা সমিতিসমূহ নির্দিষ্ট বা তীরবর্তী জলমহারের ইজারার জন্য আবেদন করতে পারবেন, কোন ব্যক্তি ও অনিবন্ধিত সংগঠন আবেদন করতে পারবেন না।

০২। শর্ত থাকে যে, উক্ত সমিতিতে প্রকৃত মৎস্যজীবী ব্যতিত অন্য কোন সদস্য থাকলে বা কার্যনির্বাহী কমিটিতে যদি এমন কোন সদস্য থাকেন তিনি প্রকৃত মৎস্যজীবী নহেন, তাহলে উক্ত সমিতি আবেদনের যোগ্য হবে না

০৩। আরো শর্ত থাকে যে, প্রকৃত মৎস্যজীবীদের সমিতি যাহা সমাজসেবা/সমবায় অধিদপ্তরের নিবন্ধিত, যেখানে প্রকৃত মৎস্যজীবী ছাড়া অন্য কোন সদস্য নেই, তারাও আবেদনে অংশগ্রহণের জন্য উপযুক্ত বিবেচিত হবেন।

০৪। আরো শর্ত থাকে যে, আবেদনকারী সমবায় সমিতি বা অন্য কোন সমিতি যাহা বর্তমানে কার্যকর আছে তার প্রমাণ হিসেবে জেলা বা উপজেলা সমবায়/সমাজসেবা কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নপত্র দাখিল করিবেন ও বিগত দুই বছরের অডিট রিপোর্ট দাখিল করিবেন।

০৫। নির্দিষ্ট ফরমে (অত্র অফিসে পাওয়া যাবে) আবেদনপত্র দাখিল করিতে হবে। আবেদনপত্র দাখিলের সময় প্রকৃত মৎস্যজীবীদের সমবায় সংগঠন/সমিতি তাদের সদস্যদের নামের তালিকা (ঠিকানাসহ) এবং নির্বাহী সদস্যদের নামের তালিকা (ঠিকানাসহ) সংযুক্ত করতে হবে।

০৬। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা ২০০৯ এ উল্লিখিত সংজ্ঞা ও যোগ্যতা অনুযায়ী আগ্রহী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবীদের সমবায় সমিতি বা সমিতিকে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সদস্য সচিবের সীল সম্বলিত স্বাক্ষরসহ নির্দিষ্ট ফরমে আবেদন করতে হবে। আবেদনপত্রের সাথে সমিতি বা সংগঠনের নির্বাচিত কমিটি, গঠনতন্ত্র, ব্যাংক হিসাব নম্বর সংক্রান্ত প্রত্যয়নপত্র এবং প্রয়োজনীয় তথ্যাদি ও সভাপতি/সম্পাদকের সত্যায়িত ছবি সংযোজন করতে হবে। এছাড়া সংশ্লিষ্ট মৎস্যজীবী সমিতি ০৩ (তিন) বছর মেয়াদী লিজ পাওয়ার লক্ষ্যে সংশ্লিষ্ট জলমহালের মৎস্যচাষ/উৎপাদন/সুষ্ঠু ব্যবস্থাপনা পরিকল্পনা/রূপরেখা সংযুক্ত করতে হবে। আবেদন অসম্পূর্ণ থাকলে তা বাতিলযোগ্য হবে।

০৭। আবেদনকারী কোন মৎস্যজীবী সংগঠন/সমিতিতে যদি এমন কোন সদস্য থাকেন, যিনি প্রকৃত মৎস্যজীবী নহেন তাহলে উক্ত সমিতি জলমহালের বন্দোবস্তের অযোগ্য বিবেচিত হবেন। জলমহালের সম্পূর্ণ টাকা পরিশোধপূর্বক প্রতিবছর ৩০০/- (তিনশত) টাকার ননজুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তি করতে হবে।

CamScanner

০৮। বিজ্ঞপ্তিতে অন্তর্ভূক্ত সংশ্লিষ্ট জলমহাল ইজারা মূল্যের ২০% ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জামানত হিসেবে উপজেলা নির্বাহী অফিসার, বালিয়াকান্দি, রাজবাড়ী বরাবর দাখিল করতে হবে।

০৯। কোন মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠন দুইটির অধিক জলমহাল ইজারা/বন্দোবস্ত নিতে পারবে না।

১০। জলমহাল ইজারার মেয়াদ ১ বৈশাখ থেকে শুরু হবে ও প্রথম বছরের বছরের যে কোন সময়ে ইজারা গ্রহণ করলেও ইজারার মেয়াদ বৈশাখ থেকে কার্যকর হবে এবং একই বছরের ৩০ চৈত্র তারিখে তা শেষ হবে। প্রথম বছরের সাকুল্য ইজারা মূল্য ইজারাদেশ প্রাপ্তির ০৭(সাত)দিনে মধ্যে সম্পূর্ণ অর্থ পরিশোধ করতে হবে। সম্পূর্ণ টাকা পরিশোধের পর উক্ত জলমহাল বুঝিয়ে দেয়া হবে। ২য় বছরের ও ৩য় বছরের ইজারা মূল্যের সম্পূর্ণ অর্থ পূর্ববর্তী বছরের ১ চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। ইজারার অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না। নির্ধারিত তারিখের মধ্যে ইজারার সমুদয় টাকা পরিশোধ করতে ব্যর্থ হলে উক্ত জলমহালের ইজারা বাতিলপূর্বক জামানতের টাকা বাজেয়াপ্ত করা হবে এবং জলমহালটি পুনরায় ইজারা দেয়া হবে।

১১। স্থানীয় প্রকৃত মৎস্যজীবী সংগঠনগুলোর মধ্যে যে সংগঠন/সমিতি সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী/তীরবর্তী তাদেরকে উক্ত জলমহালটি বন্দোবস্ত প্রদান করা হবে। যদি সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী/তীরবর্তী স্থানীয় প্রকৃত মৎস্যজীবী সংগঠন না পাওয়া যায় সে ক্ষেত্রে পার্শ্ববর্তী গ্রাম/ইউনিয়ন/উপজেলা/জেলা মৎস্যজীবী সংগঠন/সমিতিকে জলমহালটি বন্দোবস্ত প্রদানের বিষয়টি বিবেচনা করা হবে।

১২। গৃহীত ইজারামূল্যের উপর বিধি মোতাবেক ১৫% ভ্যাট, ৫% আয়কর প্রদান করতে হবে। তাছাড়া সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত কর/পাওনাদি পরিশোধ করতে হবে।

১৩। লীজ গ্রহিতা কোন মৎস্যজীবী সংগঠন/সমিতি তাদের লীজকৃত জলমহাল কোন অবস্থাতেই সাবলীজ অথবা অন্য কোন ব্যক্তি/গোষ্ঠীকে হস্তান্তর করতে পারবে না এবং অন্য কোন উপায়ে তা ব্যবহার করতে পারবে না। যদি তা করে তাহলে উক্ত লীজ বাতিল ও জামানতসহ জমাকৃত টাকা সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে এবং লীজ গ্রহীতা মৎস্যজীবী সংগঠন/সমিতি পরবর্তী বছরের জলমহাল বন্দোবস্ত সংক্রান্ত কোন আবেদন করতে পারবে না।

১৪। কৃতকার্য দরদাতাকে নিজ দায়িত্বে নিজ খরচে সংশ্লিষ্ট জলমহাল পরিস্কার পরিচ্ছন্ন রাখতে হবে।

১৫। জলমহালের আয়তন কম/বেশি হতে পারে, প্রয়োজনে সরেজমিনে যাচাইক্রমে আবেদন দাখিল করতে হবে। আয়তনের তারতম্য নিয়ে কোন ওজর/আপত্তি পরবর্তীতে গ্রহণ করা হবে না।

১৬। জলমহালসমূহের বিস্তারিত বিবরণ ও শর্তাবলী অফিস চলাকালীন অত্র কার্যালয় অথবা ওয়েব সাইট (www.baliakandi.rajbari.gov.bd) হতে জানা যাবে।

১৭। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে বিজ্ঞপ্তিসহ যে কোন আবেদন/দরপত্র গ্রহণ/বাতিল অথবা সমুদয় আবেদন/দরপত্রগ্রহণ/বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

১৮। অত্র কার্যালয় থেকে আবেদন ফরম(পরিশিষ্ট-ক) যার মূল্য ৫০০/-(পাঁচশত) টাকা যা অফেরতযোগ্য প্রদান পূর্বক আবেদনপত্র সংগ্রহ করা যাবে।

১৯। ভুল/অসম্পূর্ণ তথ্য সম্বলিত আবেদন বাতিল বলে গণ্য হবে।

১৫.০১.২৩
রফিকুল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
বালিয়াকান্দি, রাজবাড়ী
মোবাইল নম্বর: ০১৭৩৩৩৩৬৪০৭
ই-মেইল: unobaliakandi@mopa.gov.bd

নং ০৫.৩০.৮২০৭.০০৩.০২.০০৮.২৩. ৪৯(৫০)

০১ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ
১৫ জানুয়ারি ২০২৩ খ্রিস্টাব্দ

বিতরণ: সদয় জ্ঞাতার্থে/অবগতি ও কার্যার্থে-

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য,রাজবাড়ী-০২।
০২। সচিব, ভূমি মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। জেলা প্রশাসক, রাজবাড়ী
০৪। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), রাজবাড়ী
০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী
০৬। উপজেলা নির্বাহী অফিসার,.......................................................,রাজবাড়ী।
০৭। উপজেলা ..........................................................................অফিসার, বালিয়াকান্দি, রাজবাড়ী।
০৮। রেভিনিউ ডেপুটি কালেক্টর, রাজবাড়ী।
০৯। সহকারী কমিশনার (ভূমি), বালিয়াকান্দি, রাজবাড়ী। অত্রসাথ...................টি বিজ্ঞপ্তি প্রচারের জন্য .........টি প্রচারের নিমিত্তে ইউনিয়ন ভূমি অফিস সমূহে বিতরণের জন্য প্রেরণ করা হলো।
১০। চেয়ারম্যান, ........................(সকল) ইউনিয়ন পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী।
১১। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ......................(সকল) ইউনিয়ন ভূমি অফিস, বালিয়াকান্দি, রাজবাড়ী।
১২। ..................................................................................................................................................
.................................................................................মৎস্যজীবী সমবায় সমিতি, বালিয়াকান্দি, রাজবাড়ী।
১৩। জনাব..............................................বালিয়াকান্দি উপজেলার বিভিন্ন হাট বাজার ও গুরুত্বপূর্ণস্থানে বিজ্ঞপ্তির কপি লটকাইয়া প্রচারের জন্য বলা হলো।
১৪। অফিস নথি

১৫.০১.২৩
উপজেলা নির্বাহী অফিসার
বালিয়াকান্দি, রাজবাড়ী

CamScanner